দৈনিক বাংলা

তারিখ 26 DEC 1993
পৃষ্ঠা ৮ কলাম ৪

# বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি ফেডারেশনের উদ্বেগ

স্টাফ রিপোর্টার : বাংলাদেশ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি ফেডারেশনের স্ট্যান্ডিং কমিটির জরুরী সভায় শিক্ষাবিষয়ক সংসদীয় স্থায়ী কমিটির বৈঠকে ১৯৭৩-এর বিশ্ববিদ্যালয় আইন সংশোধনের ব্যাপারে আলোচনার খবরে উদ্বেগ প্রকশ করা হয়েছে। শনিবার ফেডারেশনের সভাপতি প্রফেসর খন্দকার মুস্তাহিদুর রহমানের সভাপতিত্বে ঢাকা বিশ্ববিদ্যালয় ক্লাব ভবনে এই সভা অনুষ্ঠিত হয়।

সভায় বলা হয়, উচ্চশিক্ষার সাথে প্রাতিষ্ঠানিক স্বায়ত্তশাসনের ধারণা বিশ্বব্যাপী স্বীকৃত। '৭১ সালে স্বাধীনতা যুদ্ধের সফল সমাপ্তির পর বাংলাদেশেও এ আদর্শের যাত্রা শুরু হয়েছিল বলে উল্লেখ্য করে সভায় বলা হয়, একটি মহল বিশ্ববিদ্যালয়ের স্বায়ত্তশাসন কখনো মেনে নিতেপারেনি।

সভায় বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ও তাঁদের প্রতিনিধিদের সাথে আলাপ-আলোচনা ছাড়া যে কোন সংশোধনী চাপিয়ে দিলে তা কখনো শিক্ষা বিস্তারের জন্য সহায়ক হবে না বলে উল্লেখ করা হয়।

সভায় বলা হয়, বিশ্ববিদ্যালয়ের স্বায়ত্তশাসন খর্ব করা ও সরকারের আরো অধিক নিয়ন্ত্রণ প্রতিষ্ঠার চেষ্টা শিক্ষার পরিবেশকে বিপর্যস্ত করবে। যার দায়-দায়িত্ব সরকারকেই নিতে হবে।

ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি ও জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির পৃথক দুটি সভায়ও একই ধরনের আশংকা প্রকাশ করা হয়েছে।